বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ ... 19 APR 1989
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...

(20

008

# এইচএসসি পরীক্ষার সময়সূচী নতুন করে নির্ধারণের দাবী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামী এইচএসসি পরীক্ষার সময়সূচীকে অপরিকল্পিত বলে উল্লেখ করে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগরী শাখা তা নতুন করে নির্ধারণের দাবীতে গতকাল মঙ্গলবার সমাবেশ ও বিক্ষোভ মিছিলশেষে কর্তৃপক্ষের কাছে স্মারকলিপি দিয়েছে।

টিএসসি প্রাঙ্গণে অনুষ্ঠিত সমাবেশে কাজী শফিকুজ্জামান নুনিক সভাপতিত্ব করেন। বক্তব্য রাখেন ছাত্রনেতা মোস্তাফিজুর রহমান বাবুল, কাজী সাজ্জাদ জহির, চন্দন এবং 'এইচএসসি পরীক্ষার্থী নিতু, তাহামিদ, জামান স্মারকলিপি পাঠ করেন নাওয়াজ খান কোকো। সমাবেশশেষে একটি মিছিল ঢাকা বোর্ড অফিসের সামনে গিয়ে অবস্থান ধর্মঘট করে। এ সময় ছাত্রদের দাবীর সাথে একাত্মতা প্রকাশ করে ডাকসুর সহ-সাধারণ সম্পাদক নাসির-উদ-দুজা বক্তব্য রাখেন।

পরে একটি ছাত্র প্রতিনিধিদল বোর্ড কর্তৃপক্ষের সাথে দেখা করে স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপিতে পরীক্ষার সময়সূচীতে দু'টি পরীক্ষার মাঝখানে অন্ততঃ একদিন বিরতি দেয়ার অনুরোধ জানানো হয়।